

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং- উমবিঅ/বাহু/মাতৃভাতা/২০১৯/২০৪

তারিখ : ০৯/১২/২০১৯ খ্রি.

বিষয় : দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের তালিকা প্রেরণে  
তাগিদ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় অত্র কার্যালয়ের স্মারক নং- উমবিঅ/বাহু/মাতৃভাতা/২০১৯/১৪০, তারিখ- ০৫/০৯/২০১৯ খ্রি. মোতাবেক বিগত ১৭/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে আপনার ইউনিয়ন হতে ৭৮ জন ভাতাভোগীর তালিকা চাহিত কাগজপত্র সহ প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি ভাতাভোগীদের তালিকা পাওয়া যায় নাই। তালিকা না পাওয়ার ভাতাভোগীদের তালিকা উপজেলা মাতৃত্বকাল ভাতা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন দেয়া সম্ভব হচ্ছে না এবং ঢাকা সদর কার্যালয়ের নির্দেশনার প্রেক্ষিতে অনলাইনে ডাটা এন্ট্রি করাও সম্ভব হচ্ছে না। যাহা ভাতাভোগীর ভাতা প্রদানে জটিলতা সৃষ্টির কারন হতে পারে। এমতাবস্থায় আপনার ইউনিয়নের ভাতাভোগীদের তালিকা আবেদনপত্র, চাহিত শর্তাদি ও প্রয়োজনীয় সংশ্লিষ্ট কাগজপত্র সহকারে ইউনিয়ন মাতৃত্বকাল ভাতা কমিটির কার্যবিবরণী সহ আগামী ১১/১২/২০১৯ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

বিষয়টি অতীব জরুরী।

প্রাপক : চেয়ারম্যান

..... ইউনিয়ন  
পরিষদ  
বাহুবল, হবিগঞ্জ।

*০৯/১২/১৯*  
(পারভীন আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
বাহুবল, হবিগঞ্জ।

স্মারক নং- উমবিঅ/বাহু/মাতৃভাতা/২০১৯/২০৪

তারিখ : ০৯/১২/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহুবল, হবিগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ।
৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ।
৪. অফিস কপি।

(পারভীন আক্তার)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
বাহুবল, হবিগঞ্জ।